# সোনালী ব্যাংক লিমিটেড
# Sonali Bank Limited

সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(পেমেন্ট)
প্রধান কার্যালয়, মতিঝিল,ঢাকা-১০০০
ফোন নং-৪১০৫০৯৫৬, ০১৭০৭০৭৩৬৬৫
E-mail : dgmcad2@sonalibank.com.bd
sblcadfund@gmail.com


দৃপ্ত শপথ মুজিব বর্ষে
আমরা যাবো সবার শীর্ষে

## বহিঃনিরীক্ষক নিয়োগের শর্তাবলী

০১। চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মটি বাংলাদেশ ব্যাংক অনুমোদিত তালিকায় 'এ' ক্যাটাগরিভূক্ত হতে হবে।

০২। ফান্ড সমূহের নিরীক্ষাকার্য পরিচালনায় সংশ্লিষ্ট আইন ও বিধি এবং বাংলাদেশ ব্যাংক/অর্থ মন্ত্রণালয়ের জারীকৃত বহিঃনিরীক্ষা সংক্রান্ত সকল নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। নিরীক্ষকগণকে সুস্পষ্ট অভিমত/মতামত ও প্রয়োজনীয় 'ডাটা স্টেটমেন্ট' সহ ফান্ড সমূহের নিরীক্ষা রিপোর্ট দাখিল করতে হবে।

০৪। নিরীক্ষাকালে ফান্ডস (Funds) বিষয়ক কোন অনিয়ম উদ্‌ঘাটিত হলে প্রতিবেদনে যথাযথভাবে উল্লেখ করতে হবে।

০৫। নিয়োগপত্র প্রাপ্তির ২০(বিশ) দিনের মধ্যে নিরীক্ষাকার্য সম্পাদন পূর্বক নিরীক্ষিত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।

০৬। নিয়োগের শর্তানুযায়ী নিরীক্ষা প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে দাখিলে ব্যর্থ হলে কিংবা দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদন নিম্নমানের হলে প্রতিবেদন গ্রহণযোগ্য হবে না। নিরীক্ষা প্রতিবেদন দাখিলের পর প্রতিবেদনে কোন পরিবর্তন বা পরিবর্ধন ও সংশোধনের প্রয়োজন হলে নিরীক্ষকগণ তা করতে বাধ্য থাকবেন এবং এ জন্য অতিরিক্ত কোন পারিশ্রমিক দাবী করা যাবে না।

০৭। নিরীক্ষকগণ নিরীক্ষার জন্য সোনালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/পরিচালনা পর্ষদের নিকট দায়ী থাকবেন।

০৮। নিরীক্ষকগণকে এই মর্মে লিখিত ঘোষণা দিতে হবে যে, তারা সোনালী ব্যাংক লিমিটেড এর নিকট হতে কোন ঋণ গ্রহণ করেননি এবং নিরীক্ষাকারী ফার্ম এর কোন পার্টনার এ ব্যাংকের পরিচালক নহেন।

০৯। প্রতি বছর ভিত্তিক নিরীক্ষা কাজের জন্য পারিশ্রমিক বাবদ টাকা=৮০,০০০/- (আশি হাজার মাত্র) প্রদান করা হবে, যা হতে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য। অধিকন্তু, নিরীক্ষার পারিশ্রমিক বিল দাখিল করার সময় এ মর্মে আপনাদেরকে লিখিত ঘোষণা দিতে হবে যে, আপনারা নিয়োগ পত্রের সকল শর্তাদি মেনে নিরীক্ষা কাজ সম্পন্ন করেছেন।

১০। নিরীক্ষা কাজ প্রচলিত নিয়ম/বিধি মোতাবেক সুষ্ঠুভাবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদনের স্বার্থে প্রয়োজনে কোন সভা আহবান করা হলে নিরীক্ষকগণকেও উক্ত সভায় উপস্থিত থাকতে হবে।

উপরে বর্ণিত শর্তাবলীতে ব্যাংকের ৩১.১২.২০১৯ এবং ৩১.১২.২০২০ তারিখের স্থিতি ভিত্তিক সোনালী ব্যাংক এমপ্লয়ীজ কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড **(CPF)**, সোনালী ব্যাংক এমপ্লয়ীজ পেনশন ফান্ড, সোনালী ব্যাংক এমপ্লয়ীজ জেনারেল প্রভিডেন্ট ফান্ড **(GPF)** এবং সোনালী ব্যাংক এমপ্লয়ীজ পেনশন এন্ড ডেথ কাম রিটায়ারমেন্ট বেনিফিট **(PDCRB)** ফান্ডসমূহের নিরীক্ষা কার্য পরিচালনা করার বিষয়ে আপনাদের সম্মতি ০৯.১২.২০২১ তারিখের মধ্যে ব্যাংক কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

২৭/১১/২০২১

(আলমগীর কবির চৌধুরী)
ডেপুটি জেনারেল ম্যানেজার